

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

প্রশাসন শাখা-২

শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.erd.gov.bd



নম্বর: ০৯.০০.০০০০.০৭৩.০১২.০১.২১.৮৯

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০

১৪ ফেব্রুয়ারি ২০২৪

প্রজ্ঞাপন

বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধনী-২০২০)-এর বিধি-৫ (১) এর বিধানমতে এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.১০৮.১২.০২৬.২২ (অংশ-২)-৩৭ নং স্মারকের সুপারিশ মোতাবেক অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সীট মুদ্রাঙ্করিক কাম-কম্পিউটার অপারেটর পদ হতে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য 'প্রশাসনিক কর্মকর্তা'-এর স্থায়ী শূন্য পদে নিম্নবর্ণিত কর্মচারীকে অস্থায়ী ভিত্তিতে 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতি প্রদান করা হলো:

গ্রেডেশন নম্বর	নাম ও বর্তমান পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম	চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী বেতনক্রম
০১	নুরুল আলম সীট মুদ্রাঙ্করিক কাম-কম্পিউটার অপারেটর	প্রশাসনিক কর্মকর্তা	১০ম গ্রেড ১৬,০০০-৩৮,৬৪০/-

২। উক্ত পদোন্নতি তাঁর যোগদানের তারিখ হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে কার্যকর হবে:

(ক) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধনী-২০২০)-এর ৬(১)(খ) বিধি মোতাবেক উক্ত কর্মচারীকে অস্থায়ী ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত 'প্রশাসনিক কর্মকর্তা' পদে যোগদানের তারিখ হতে ০১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল অতিরিক্ত আরও ০১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন;

(খ) শিক্ষানবিসের মেয়াদকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর পূর্বতন পদে প্রত্যাবর্তন (Revert) করতে পারবেন;

(গ) সরকারের প্রচলিত বিধি অনুযায়ী শিক্ষানবিসকালের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং নিয়োগ বিধিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;

(ঘ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৪-২-২০২৪

কাজী নুরুল ইসলাম

উপসচিব

ফোন: ৪৮১১২০৫১

ইমেইল: admin2@erd.gov.bd

নম্বর: ০৯.০০.০০০০.০৭৩.০১২.০১.২১.৮৯/১(১২)

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০

১৪ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (তঁার কার্যালয়ের ১৩/০২/২০২৪ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.১০৮.১২.০২৬.২২ (অংশ-২)-৩৭ নং স্মারকের আলোকে সদয় অবগতির জন্য প্রেরিত হলো)।

৩) উপসচিব, বাজেট ব্যবস্থাপনা শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।

৪) উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যা প্রকাশের অনুরোধসহ)

৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

- ৬) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭) নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯) অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১০) যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১১) জনাব নুরুল আলম, প্রশাসনিক কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১২) ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি।